# ফরিদপুরের ভাঙ্গায় সীমানা পরিবর্তনের প্রতিবাদে সড়ক-রেল অবরোধ



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় নির্বাচনের আগে ফরিদপুর-৪ আসনের দুটি ইউনিয়নকে ফরিদপুর-২ এ যুক্ত করার গেজেট প্রকাশে ক্ষুব্ধ হয়ে মহাসড়ক ও রেলপথ অবরোধে নেমেছে ভাঙ্গার স্থানীয়রা। এতে ২১ জেলার সঙ্গে সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। স্থানীয়রা হুঁশিয়ারি দিয়েছেন, সিদ্ধান্ত প্রত্যাহার না হলে আন্দোলন আরও বিস্তৃত হবে।

ফরিদপুরের ভাঙ্গা উপজেলায় আসন সীমানা পরিবর্তনকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সকাল সাড়ে ৮টা থেকে আলগী ও হামিরদী ইউনিয়নের বাসিন্দারা ঢাকা-খুলনা, ঢাকা-বরিশাল ও যশোর-ভাঙ্গা-বরিশাল মহাসড়ক অবরোধ করেন। গাছ ফেলে ও টায়ার জ্বালিয়ে তারা ঘণ্টার পর ঘণ্টা মহাসড়ক অবরোধ করে রাখেন। ফলে ভাঙ্গা হয়ে ২১ জেলার সঙ্গে সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। দীর্ঘ যানজটে আটকা পড়ে শত শত যানবাহন, দুর্ভোগে পড়েন হাজারো যাত্রী।

এছাড়া কৈডুবি সদরদী এলাকায় বেনাপোল-ঢাকা রেলপথও অবরোধ করে আন্দোলনকারীরা। তারা দাবি জানান, আলগী ও হামিরদী ইউনিয়নকে দ্রুত ফরিদপুর-৪ আসনে ফিরিয়ে না আনলে তাদের আন্দোলন আরও তীব্র হবে।

LENS ASIA

উল্লেখ্য, নির্বাচন কমিশন সম্প্রতি প্রকাশিত গেজেটে ফরিদপুর-৪ এর আওতাধীন ভাঙ্গা উপজেলার আলগী ও হামিরদী ইউনিয়নকে নগরকান্দা উপজেলার সঙ্গে যুক্ত করে ফরিদপুর-২ আসনে অন্তর্ভুক্ত করা হয়েছে। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ৪৬টি আসনের সীমানা পরিবর্তনের অংশ হিসেবে এ সিদ্ধান্ত নেওয়া হয়। তবে এ গেজেট প্রকাশের পর থেকেই স্থানীয়রা প্রতিবাদে উত্তাল হয়ে উঠেছে